



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩১ ডিসেম্বর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি সদরের স্বনির্ভরে ইউপিডিএফ-এর কার্যালয়ে তল্লাশির নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক প্রদীপন খীসা আজ বৃহস্পতিবার ৩১ ডিসেম্বর ২০১৫, সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভরে ইউপিডিএফ-এর কার্যালয়ে সেনা-পুলিশের তল্লাশির নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি কোন ধরনের সুনির্দিষ্ট কারণ ছাড়া অফিস তল্লাশির ঘটনাকে চরম অগণতান্ত্রিক, ফ্যাসিবাদী এবং মৌলিক নাগরিক অধিকার পরিপন্থী বলে মন্তব্য করেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, আজ ৩১ ডিসেম্বর বৃহস্পতিবার দুপুর আনুমানিক ১২টার সময় সেনাবাহিনীর সদস্যরা খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভরে অবস্থিতি ইউপিডিএফ-এর জেলা কার্যালয় বন্দুক তাক করে ফিরে ফেলে। প্রায় দুই ঘন্টা ধরে ঘিরে রাখার পর একদল পুলিশ আসলে সেনা-পুলিশ সদস্যরা অফিসে ঢুকে তল্লাশি চালায়। কিন্তু অবৈধ কোন কিছু তারা উদ্ধার করতে পারেনি। তল্লাশি শেষে অফিসের পাশ্ববর্তী দোকানদার দীপন চাকমা ও অফিসে দায়িত্বরত দ্বিতীয়া চাকমার কাছ থেকে সাদা কাগজে স্বাক্ষর নিয়ে চলে যায়।

ইউপিডিএফ নেতা অবিলম্বে এ ধরনের তল্লাশি, হয়রানি বন্ধ করে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।